

## মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১২-২০১৩ অর্থ বছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়ের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরি প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ডুক্স প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১।	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়	০৪ টি	০১ টি	০৩ টি	০০ টি	০৪ টি	০৪ টি	৫০%- ১৩৩.৩৩%	০৩ টি	১২.৫৫%- ৮৯.৭১%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যাঃ ০৪ টি২। সমাপ্তকৃত প্রকল্পের প্রকৃত ব্যয় ও মেয়াদকালঃ

প্রকল্পের নাম	প্রকৃত ব্যয় (লক্ষ টাকায়)	প্রকৃত বাস্তবায়নকাল
“Capacity Building for Monitoring Child Rights (সংশোধিত)”	৫২৬.৪৩	মার্চ ২০০৭ হতে ডিসেম্বর, ২০১২
“Training for Disadvantaged Women on Readymade Garments (RMG) at the Shahid Sheikh Fazilatunnessa Mujib Women Training Academy, Zirani, Gazipur (১ম সংশোধিত)”	২০৬.০০	সেপ্টেম্বর ২০১০ হতে ডিসেম্বর, ২০১২
“Promotion of Gender Equality and Women’s Empowerment (২য় সংশোধিত)”	২১৪০.৭২	জানুয়ারি ২০০৬ হতে জুন, ২০১৩
“জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (২য় পর্যায়)”	১৬২২৯৪.	জুলাই, ২০০৮ হতে জুন, ২০১৩

৩। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণঃ

প্রকল্পের নাম	মেয়াদ বৃদ্ধির কারণ
“Capacity Building for Monitoring Child Rights (সংশোধিত)”	রিসোর্স সেন্টার ও ডাটা ব্যাংক স্থাপন, শিক্ষা সফর, CRC ৫ম রিপোর্টের জন্য ওয়ার্কশপ অনুষ্ঠান, মনিটরিং ও রিপোর্টিং ব্যবস্থা প্রাতিষ্ঠানিকীকরণ এবং ক্যাপাসিটি বিল্ডিং ইত্যাদি কার্যক্রম অব্যাহত রাখার জন্য প্রকল্প সংশোধন করা হয়েছে।
“Training for Disadvantaged Women on Readymade Garments (RMG) at the Shahid Sheikh Fazilatunnessa Mujib Women Training Academy, Zirani, Gazipur (১ম সংশোধিত)”	শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা প্রশিক্ষণ একাডেমীর মূল প্রশিক্ষণ কার্যক্রমের সাথে প্রকল্পের আওতায় প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় করা, আবাসিকের পাশাপাশি অনাবাসিক প্রশিক্ষণের ব্যবস্থা করা, জেনারেটর লাইন সরবরাহের জন্য ক্লাসরুমে ইলেকট্রিক্যাল ওয়ারিং করা, জেনারেটর কক্ষ নির্মাণ, একাডেমিক পোলট্রি সেডকে সংস্কার করে অনাবাসিক ট্রেনিং-এর ব্যবস্থা করা ইত্যাদি কারণে প্রকল্প সংশোধন করা হয়েছে।
“Promotion of Gender Equality and Women’s Empowerment (২য় সংশোধিত)”	প্রকল্পের আওতায় নিউজ লেটার, ডেভেলপমেন্ট এন্ড প্রিন্টিং, অর্গানাইজারদের জন্য এ্যাওয়ার্ড, ভাড়াই গাড়ী, কম্পিউটার, প্রিন্টার, ফ্যাক্স, রেফ্রিজারেটর, সুইং মেশিন, সহিংসতার শিকার নারীদেরকে নিয়ে ডাটাবেইজ তৈরি ইত্যাদিসহ “Joint Program- to address violence against women” শীর্ষক নতুন কম্প্যান্যান্ট অন্তর্ভুক্ত এবং মূল প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বৃদ্ধির কারণে প্রকল্প সংশোধন করা হয়েছে।
“জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ (২য় পর্যায়)”	নির্ধারিত সময়ে প্রকল্পের কার্যক্রম সম্পন্ন না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ০১ বছর বৃদ্ধি করা হয়।

৪। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশঃ

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
১) বিলম্বে পিসিআর প্রেরণঃ আইএমইডি’র ২৯/০৩/২০০৬ তারিখের আইএমইডি/সমন্বয়-৩/৬(৩)/২০০৪/১৬২ নং পরিপত্রের ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার পর সাড়ে তিন মাসের মধ্যে	১) বিলম্বে পিসিআর প্রেরণ মোটেই কাম্য নয়। সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে ভবিষ্যতে যথাসময়ে পিসিআর প্রেরণ নিশ্চিত করতে হবে।

সমস্যাসমূহ	সুপারিশসমূহ
<p>পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও কয়েকটি প্রকল্পের পিসিআর অনেক বিলম্বে পাওয়া যায়, যা সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিত এবং এত দেরিতে পিসিআর প্রেরণ যে কোন প্রকল্প সঠিকভাবে মূল্যায়নের অন্তরায়।</p>	
<p>২) <b>প্রকল্পের আওতায় সম্পাদিত ডাটাবেইজ-এর অস্তিত্ব খুঁজে না পাওয়াঃ</b> পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সহিংসতার শিকার নারীদেরকে নিয়ে একটি ডাটাবেইজ গঠন করা বাবদ ১৯.১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তবে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কিত কোন তথ্য দিতে সক্ষম হননি। এছাড়াও সিলেট জেলা পরিদর্শনের সময় এ রকম ডাটাবেইজের কোন তথ্য পাওয়া যায়নি এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা এ বিষয়ে কিছু জানেন না মর্মে জানিয়েছেন।</p>	<p>২) প্রকল্পের আওতায় ১৯.১০ লক্ষ টাকা ব্যয়ে তৈরিকৃত ডাটাবেইজ সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি। কাজেই এ ধরনের ডাটাবেইজ আদৌ তৈরি করা হয়েছে কি-না বা তৈরি করা হয়ে থাকলে এটি যে উদ্দেশ্যে তৈরি করা হয়েছে, সে উদ্দেশ্যে ব্যবহৃত হচ্ছে কি-না সংশ্লিষ্ট মন্ত্রণালয় তা খতিয়ে দেখে আইএমইডি'কে অবহিত করবে।</p>
<p>৩) <b>পিসিআরে অংগভিত্তিক ব্যয়ের হিসাব না থাকা:</b> প্রকল্পের পিসিআরে আরটিপিপি অনুযায়ী অংগভিত্তিক সংস্থানের বিপরীতে কত টাকা ব্যয় হয়েছে সে হিসাব দেয়ার কথা থাকলেও তা দেয়া হয়নি (৩ অংগ ব্যতীত)। এছাড়াও পরিদর্শনের সময় ও পরিদর্শন পরবর্তী সময়েও এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ থেকে তথ্য পাওয়া যায়নি। এ বিষয়ে প্রকল্প পরিচালক জানান, প্রকল্পটি সম্পূর্ণ ডিপিএ অর্থায়নে GIZ কর্তৃক বাস্তবায়িত হয়েছে এবং সকল কাজ GIZ কর্তৃক সম্পন্ন করা হয়েছে। GIZ কর্তৃক অংগভিত্তিক ব্যয়ের হিসাব না দেওয়ায় তা দেয়া সম্ভব হয়নি। অংগভিত্তিক ব্যয় প্রদান না করা সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিত এবং এটি প্রকল্পের সুষ্ঠু মূল্যায়নের অন্তরায়। এছাড়া যে তিনটি অংগে (প্রাইভেট সার্ভিস প্রোভাইডার, স্থানীয় পরামর্শক, লোকাল সাবসিডিস) অংগভিত্তিক ব্যয়ের হিসাব প্রদান করা হয়েছে সেগুলোর মধ্যে “প্রাইভেট সার্ভিস প্রোভাইডার” অংগে আরটিপিপি সংস্থানকৃত ৬০.০০ লক্ষ টাকার বিপরীতে ৬১.৮৫ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা আর্থিক ও পরিকল্পনা শৃংখলা পরিপন্থী;</p>	<p>৩) প্রকল্পের আওতায় অনুমোদিত এক অংগের অর্থ অন্য অংগে ব্যয় করা পরিকল্পনা ও আর্থিক শৃংখলা পরিপন্থী। আরটিপিপি সংস্থানকৃত অর্থে স্যালো মেশিন ক্রয় না করে উক্ত অর্থ কোন খাতে ব্যয় করা হয়েছে তা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক খতিয়ে দেখে সুস্পষ্ট ব্যাখ্যা আইএমইডি ও পরিকল্পনা কমিশনকে অবহিত করবে।</p>
<p>৪) <b>প্রশিক্ষণ উপকরণ সম্পর্কিতঃ</b> পরিদর্শনের সময় ৩টি জেলাতেই কিছু না কিছু প্রশিক্ষণ উপকরণ নষ্ট পাওয়া গিয়েছে। যেমনঃ রাজশাহী জেলায় ১ম ও ২য় পর্যায়ে প্রাপ্ত ২০টি কম্পিউটারের মধ্যে ০৯টি ব্যবহার অনুপযোগী। ফলে কিছু কিছু কম্পিউটার ২ জন প্রশিক্ষার্থী শেয়ার করেছে। এক্ষেত্রে প্রশিক্ষণের কোন সমস্যা হয়নি বলে সংশ্লিষ্ট প্রশিক্ষক জানান। তবে প্রত্যেক প্রশিক্ষার্থীর জন্য একটি কম্পিউটার বরাদ্দ থাকলে আরও মানসম্পন্ন প্রশিক্ষণ নিশ্চিত করা যেত। এছাড়া রাজশাহী কেন্দ্রের ১৫টি UPS, মাল্টিমিডিয়া প্রজেক্টর )Color problem :(খুলনা কেন্দ্রে ১৮টি কম্পিউটারের মধ্যে ২টি কম্পিউটার টি১২ , UPS, কিছু আসবাবপত্র এবং চটগ্রাম কেন্দ্রে ২১টি কম্পিউটার টি ৩০) টি২২ ,(কম্পিউটারের মধ্যে UPS টি৩৪) ইউপিএসের মধ্যে(, মাল্টিমিডিয়া প্রজেক্টরটি ব্যবহার অনুপযোগী।</p>	<p>৪) প্রশিক্ষণ কেন্দ্রগুলোতে সরবরাহকৃত নিম্নমানের UPS গুলোর বিষয়ে মন্ত্রণালয় খতিয়ে দেখে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া অন্যান্য কিছু কিছু যন্ত্রপাতি বিশেষ করে কম্পিউটার কেন ব্যবহার অনুপযোগী সেটিও মন্ত্রণালয় যাচাই করবে। তবে প্রকল্পের সহকারী প্রোগ্রামারপ্রশিক্ষকদেরকে / খাট-কম্পিউটার হার্ডওয়্যার সম্পর্কিত ছোট সমস্যাগুলো সমাধানের বিষয়ে উৎসাহিত করা যায় এবং এতে ভাল ফল পাওয়ার সম্ভাবনা রয়েছে।</p>

**“Capacity Building for Monitoring Child Rights (সংশোধিত)” শীর্ষক**

কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন  
(সমাপ্তঃ ডিসেম্বর, ২০১২)

- ১.০ প্রকল্পের অবস্থান : বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা।
- ২.০ মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থা : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
- ৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
৪৬৭.৭২ ৭১.০২ (৩৯৬.৭০)*	৫৬৭.৩১ ৭১.০২ (৪৯৬.২৯)*	৫২৬.৪৩ ৬৫.৭৯ (৪৬০.৬৪)*	মার্চ ২০০৭ হতে ডিসেম্বর, ২০১০	মার্চ ২০০৭ হতে ডিসেম্বর, ২০১২	মার্চ ২০০৭ হতে ডিসেম্বর, ২০১২	৫৮.৭১ (১২.৫৫%)	২ বছর (৫২.১৭%)

\* ইউনিসেফ।

৫.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		ডিসেম্বর, ২০১২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১	কর্মকর্তাদের বেতন	জন	২১.৭৫	৩	২০.০৮	২
০২	কর্মচারীদের বেতন	জন	৩.৫০	৩	২.৫৭	৩
০৩	ভাতাদি	জন	১২.০০	৫	৬.৮৯	৫
০৪	অন্যান্য (প্রকল্প শেষে বেনিফিট)	জন	১.৬১	২	১.১৩	২
০৫	যাতায়াত ভাতা	থোক	০.৭৬	থোক	০.০৯	থোক
০৬	অফিস ভাড়া	থোক	১.৫০	থোক	০.৮৪	থোক
০৭	অন্যান্য ভ্যাট/ট্যাক্স	সেট	০.১৬	১	০.১৫	১
০৮	ডাক	থোক	০.৭৫	থোক	০.১২	থোক
০৯	টেলিফোন	সেট	০.৯২	২	০.৯১	২
১০	ফ্যাক্স/ইন্টারনেট	সেট	০.২৬	৩	০.২৬	৩
১১	পানির বিল	থোক	০.১০	থোক	০.০৯	থোক
১২	পেট্রোল ও লুরিকেন্ট	সংখ্যা	৫.৭০	১	৬.১৭	১
১৩	অফিস স্টেশনারী	থোক	১.৫০	থোক	২.২৯	থোক
১৪	পুস্তক ও সাময়িকী	থোক	০.২১	থোক	০.২১	থোক
১৫	প্রশিক্ষণ খরচ	থোক	২৪৯.৫০	থোক	২৩১.৩৪	থোক
১৬	সভা/সেমিনার/ওয়ার্কশপ	থোক	৪৯.৮৮	থোক	৫৫.৬৪	থোক
১৭	আপ্যায়ন	থোক	০.৪০	থোক	০.৪৩	থোক
১৮	কনসালটেন্সি	থোক	৭২.৩২	থোক	৭১.৫০	থোক
১৯	অন্যান্য খরচ	থোক	১২৮.৪৭	থোক	১০৭.৪৩	থোক
২০	মটর/কার মেরামত	সংখ্যা	৫.৭২	১	৬.৮২	১
২১	কম্পিউটার ও অফিস সন্ত্রপাতি	থোক	২.০০	থোক	২.৩৪	থোক

ক্রমিক নং	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা		ডিসেম্বর, ২০১২ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
২২	মেশিনারী ও যন্ত্রপাতি	থোক	১.২১	থোক	২.০৭	থোক
২৩	ক্যামেরা এন্ড এক্সেসরিজ	থোক	০.৬০	থোক	০.৫৭	থোক
২৪	কম্পিউটার এন্ড এক্সেসরিজ	সংখ্যা	৩.৭৩	৪	৩.৭৩	৪
২৫	ফটোকপিয়ার	সংখ্যা	২.৪৬	১	২.৪৬	১
২৬	সিডি ভাট (ক্যামেরা এন্ড এক্সেসরিজ)	থোক	০.৩০	থোক	০.৩০	থোক
	<b>মোটঃ</b>		<b>৫৬৭.৩১</b>	<b>-</b>	<b>৫২৬.৪৩</b>	<b>-</b>

৬.০ **কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ** শিশুদের সম্পর্কিত বিভিন্ন তথ্য (জেলা ভিত্তিক শিশু শিক্ষার হার, বারে পড়া শিক্ষার্থী, চিকিৎসা সুবিধা প্রাপ্ত শিশুর সংখ্যা, পুনর্বাসনকৃত শিশুর সংখ্যা, পাচারকৃত শিশু এবং পাচারের সময় উদ্ধারকৃত শিশুর সংখ্যা ইত্যাদি) সমন্বিত করে ইউনিসেফ কর্তৃক প্রকল্পের আওতায় একটি **Resource Centre & Data Bank** স্থাপন করার কথা থাকলেও তা করা হয়নি। পরিদর্শনের সময় জানা যায় যে, **Data Bank** স্থাপনের লক্ষ্যে ইউনিসেফ কর্তৃক প্রয়োজনীয় ইকুইপমেন্ট (কম্পিউটার ও আনুষংগিক যন্ত্রপাতি) ক্রয় করা হয়েছে এবং ৫ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কিন্তু পরবর্তীতে ইউনিসেফ কর্তৃক এ সংক্রান্ত সফটওয়্যার প্রণয়ন না করায় **Data Bank** স্থাপন করা সম্ভব হয়নি। এছাড়াও ইউনিসেফের সিদ্ধান্তহীনতার কারণে প্রকল্পের আওতায় শিক্ষা সফর সম্পন্ন করা হয়নি।

#### ৭.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ **পটভূমিঃ** শিশু অধিকার সম্পর্কিত বিভিন্ন আন্তর্জাতিক/আঞ্চলিক প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নের মত গুরুত্বপূর্ণ কার্যক্রমে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে সহায়তা প্রদান; শিশু সংক্রান্ত নীতির বিশ্লেষণ ও কার্যকরী সমন্বয়; **Convention on the Rights of Child (CRC), World Fit For Children (WFFC), SAARC Convention** ইত্যাদি সংক্রান্ত প্রতিবেদন প্রণয়ন এবং এ সকল সনদের বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের দক্ষতা বৃদ্ধিকরণ; **National Plan of Action for the Children (NPA) (2005-2010)**-এর বাস্তবায়ন পরিবীক্ষণ এবং পরবর্তী এনপিএ প্রস্তুতে সহায়তা প্রদান; **Inter-Ministerial CRC Standing Committee**-এর প্রাতিষ্ঠানিকীকরণ এবং অধিকতর কার্যকরীকরণ; স্থানীয় পর্যায়ে শিশু অধিকার সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন ও মনিটরিং ব্যবস্থা জোরদারকরণ প্রভৃতি উদ্দেশ্যে ইউনিসেফ-এর ৭ম কান্ট্রি প্রোগ্রাম (২০০৬-২০১০) এর আওতায় আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৭.২ **উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- **National Plan of Action for Children, Convention on the Rights of the Child (CRC)** অনুসারে শিশু অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে এ সম্পর্কিত নীতি বিশ্লেষণ, সংশ্লিষ্ট সকলের সাথে কার্যকর সমন্বয়, প্রতিবেদন প্রণয়ন (**CRC, WFFC, SAARC Convention etc.** সম্পর্কিত) ও পরিবীক্ষণে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করা।

#### **সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ**

- CRC, WFFC এবং বাংলাদেশে শিশু অধিকার সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পরিবীক্ষণে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করা;
- National Plan of Action for Children (২০০৫-২০১০)** পরিবীক্ষণ ও মূল্যায়নে সহায়তার পাশাপাশি পরবর্তী **NPA** প্রণয়ন করা;
- আন্তঃমন্ত্রণালয় **CRC Standing Committee** কে আরো কার্যকর করার লক্ষ্যে এটিকে প্রাতিষ্ঠানিকীকরণ;
- জাতীয় পরিকল্পনা কৌশলপত্র, আইনগত পলিসি, প্রাতিষ্ঠানিক কাঠামোতে শিশু অধিকার সম্পর্কিত বিষয়গুলো প্রতিফলিত করা ও এর বাস্তবায়ন জোরদারকরণ;
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে একটি **Resource Centre** এবং **Knowledge Management System** প্রতিষ্ঠা করা;
- শিশু অধিকার সম্পর্কিত পরিকল্পনা ও তা পরিবীক্ষণে জেলা পর্যায়ে সমন্বয় প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিকীকরণ এবং জেলা **CRC** ফোরামকে শক্তিশালীকরণ।

৮.০ **প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ**

৮.১ **প্রকল্প অনুমোদনঃ** ইউনিসেফ-এর আর্থিক সহায়তায় প্রকল্পটি মোট ৪৬৭.৭২ লক্ষ টাকা (জিওবি ৭১.০২ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৩৯৬.৭০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে মার্চ, ২০০৭ থেকে ডিসেম্বর, ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটি ৩০/০৪/২০০৭ তারিখে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়।

৮.২ **সংশোধনের কারণঃ** UN Development Agreement Framework (UNDAF) এর ভিত্তিতে ইউনিসেফ-এর ৮ম কান্ট্রি প্রোগ্রাম (২০১২-২০১৬) এর আওতায় নতুন প্রকল্প গ্রহণে বিলম্ব হওয়ায় এবং ডিসেম্বর ২০১২ পর্যন্ত প্রকল্পের কার্যক্রম অব্যাহত রাখা জরুরি হয়ে পড়ে। তাছাড়া রিসোর্স সেন্টার ও ডাটা ব্যাংক স্থাপন, শিক্ষা সফর, CRC ৫ম রিপোর্টের জন্য ওয়ার্কশপ অনুষ্ঠান, মনিটরিং ও রিপোর্টিং ব্যবস্থা প্রাতিষ্ঠানিকীকরণ এবং ক্যাপাসিটি বিল্ডিং ইত্যাদি কার্যক্রম অব্যাহত রাখার নিমিত্ত ১.৩৩ মার্কিন ডলার সমপরিমাণ টাকা অর্থায়নের বিষয়ে ইউনিসেফ হতে প্রতিশ্রুতি এবং প্রকল্পের মেয়াদ বৃদ্ধিতে ইআরডি'র সম্মতি থাকায় প্রকল্পটি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়। সংশোধিত টিপিপি'র উপর ২৪/০১/২০১২ তারিখে পরিকল্পনা কমিশনে এসপিইসি সভা অনুষ্ঠিত হয়। সংশোধিত প্রকল্প ব্যয় ৫৬৭.৩১ লক্ষ টাকা (জিওবি ৭১.০২ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৪৯৬.২৯ লক্ষ টাকা) নির্ধারণ করে মার্চ, ২০০৭ থেকে ডিসেম্বর, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রকল্পটির ১ম সংশোধন মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ২৮/০২/২০১২ তারিখে অনুমোদিত হয়।

৯.০ **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ** প্রকল্প বাস্তবায়নকালে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেনঃ

ক্রঃনং	প্রকল্প পরিচালকের নাম	হতে	পর্যন্ত
০১	বেগম শাহাজাদী আঞ্জুমান আরা উপ-সচিব	৩০/০৪/২০০৭	১৩/০৬/২০০৭
০২	জনাব আবু মোঃ মোস্তফা কামাল উপ-সচিব	১৪/০৬/২০০৭	১০/০১/২০০৯
০৩	জনাব নাজিম উদ্দিন চৌধুরী উপ-সচিব	১১/০১/২০০৯	৩১/০৩/২০০৯
০৪	জনাব ওসমান গনি তালুকদার উপ-প্রধান	০২/০৪/২০০৯	১৭/০৫/২০১০
০৫	বেগম দিলরুবা ইয়াসমীন উপ-প্রধান	১৮/০৫/২০১০	১১/০৭/২০১০
০৬	জনাব মোঃ আমান উল্লাহ উপ-সচিব	১২/০৭/২০১০	৩১/১২/২০১২

১০.০ **বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ**

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি বরাদ্দ (সংশোধিত)			অবমুক্তি*	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০০৭-২০০৮	৬৯.৭৮	৪.২১	৬৫.৫৭	-	৬৯.৭৮	৪.২১	৬৫.৫৭
২০০৮-২০০৯	৪৩.০৪	৭.৪৯	৩৫.৫৫	-	৪৩.০৪	৭.৪৯	৩৫.৫৫
২০০৯-২০১০	৭৫.১৯	৫.৯৪	৬৯.২৫	-	৭৫.১৯	৫.৯৪	৬৯.২৫
২০১০-২০১১	১০৯.৪০	১৬.৪৮	৯২.৯২	-	১০৯.৪০	১৬.৪৮	৯২.৯২
২০১১-২০১২	১৫২.০০	২৪.০০	১২৮.০০	-	১৪১.৪৭	১৮.৯০	১২২.৫৭
২০১২-২০১৩	১১৭.৯০	১২.৯০	১০৫.০০	-	৮৭.৫৫	১২.৭৭	৭৪.৭৮
মোটঃ	৫৬৭.৩১	৭১.০২	৪৯৬.২৯	-	৫২৬.৪৩	৬৫.৭৯	৪৬০.৬৪

\* জিওবি অর্থ অবমুক্তি সম্পর্কিত তথ্য পিসিআর-এ উল্লেখ নেই।

১১.০ **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের উদ্দেশ্যে আইএমইডি কর্তৃক ২৮/০১/২০১৫ তারিখে প্রকল্প এলাকা (বাংলাদেশ শিশু একাডেমি) সরেজমিনে পরিদর্শন করা হয়। এ সময় প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন কার্যাবলী সম্পর্কে প্রকল্প পরিচালকের সাথে আলোচনা করা হয়। এছাড়া মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (উন্নয়ন)-এর সাথে টেলিফোনে আলোচনা করা হয়।

**১২.০ প্রকল্পের মূল কার্যক্রমঃ**

- (ক) প্রশিক্ষণ;
- (খ) পরামর্শক সেবা ক্রয়;
- (গ) সভা/সেমিনার

**১৩.০ প্রকল্প মূল্যায়ন পদ্ধতিঃ**

- (ক) প্রকল্প পরিচালকের কার্যালয় পরিদর্শন এবং প্রকল্প পরিচালকসহ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনা;
- (খ) প্রকল্পের অনুমোদিত টিপিপি এবং পিসিআর পর্যালোচনা; এবং
- (গ) প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের (প্রতিবেদন প্রণয়ন) ধারাবাহিকতা রক্ষা হয়েছে কি-না, তা বিশ্লেষণ করা।

**১৪.০ প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বিশ্লেষণঃ** প্রকল্পের আওতায় কয়েকটি গুরুত্বপূর্ণ অংগের আওতায় সম্পাদিত কার্যাবলী সম্পর্কে নিম্নে আলোচনা করা হলঃ

**১৪.১ প্রশিক্ষণ খরচঃ** এ খাতে অনুমোদিত টিপিপি'তে ২৪৯.৫০ লক্ষ টাকার সংস্থান ছিল, যা প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয়ের ৪৪% এবং এ খাতে ২৩১.৩৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে, যা মোট প্রকল্প ব্যয়ের ৪৪%। এ অংগের আওতায় দেশের ৬৪টি জেলায় ২৫-৩০ সদস্য বিশিষ্ট District Child Rights Forum গঠন করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসক মহোদয়কে আহ্বায়ক করে ও জেলা শিশু বিষয়ক কর্মকর্তাকে সদস্য-সচিব করে এ ফোরাম গঠন করা হয়। সরকারের অন্যান্য দপ্তরের প্রতিনিধিসহ জেলার বিভিন্ন এনজিও'র প্রতিনিধিরা এ ফোরামের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত ছিল। তবে বিভিন্ন জেলায় এনজিও'র সংখ্যার তারতম্যের উপর সদস্য সংখ্যা ২৫-৩০ এর মধ্যে সীমাবদ্ধ ছিল বলে প্রকল্প পরিচালক জানান। এ ফোরামের সদস্যদেরকে শিশু অধিকার (যেমন- বেঁচে থাকার অধিকার, শিক্ষা ও বিনোদন পাওয়ার অধিকার, নিরাপত্তার অধিকার, অংশগ্রহণের অধিকার, সিদ্ধান্ত গ্রহণের অধিকার ইত্যাদি) ও শিশুর বিকাশ এবং যেকোন সিদ্ধান্ত চাপিয়ে দেয়া হলে শিশুর মানসিক বিকাশে কোন ধরনের বিরূপ প্রভাব পড়ে সে বিষয়ে ৬৪টি জেলায় ২০৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ ফোরাম প্রতি তিন মাসে একবার সভায় মিলিত হত এবং সরকারের বিভিন্ন দপ্তর থেকে শিশু সম্পর্কিত বিভিন্ন তথ্য যেমনঃ শিক্ষা সম্পর্কিত তথ্য জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও জেলা মাধ্যমিক শিক্ষা অফিস থেকে; স্বাস্থ্যসেবা সম্পর্কিত তথ্য সিভিল সার্জন অফিস থেকে; নিরাপত্তা সম্পর্কিত তথ্য পুলিশ সুপারের কার্যালয় হতে; পুনর্বাসন সম্পর্কিত তথ্য জেলা সমাজসেবা কার্যালয় হতে, পাচার সম্পর্কিত তথ্য বিজিবি কার্যালয় (প্রয়োজ্য ক্ষেত্রে) হতে সংগ্রহ করে ফোরামের বৈঠকে আলোচনা হত এবং এসব তথ্য প্রকল্প কার্যালয়ে প্রেরণ করা হত। প্রকল্প কার্যালয় এসব তথ্যের উপর ভিত্তি করে প্রকল্পের আওতায় National Plan of Action (NPA) for the Children এবং UN CRC-তে ৫ম পিরিয়ডিক্যাল রিপোর্ট প্রদান করেছে। এছাড়া এ অংগের আওতায় ১৫ জনের একটি প্রশিক্ষক পুল গঠন করা হয়েছে। যারা বিভিন্ন জেলায় District Child Rights Forum-কে প্রশিক্ষণ প্রদান করেছে।

**১৪.২ সভা/সেমিনার/ওয়ার্কশপঃ** শিশুর সার্বিক অবস্থা নিয়ে United Nations Convention on the Right of Child (UNCRC)-এ ৫ম পিরিয়ডিক্যাল রিপোর্ট প্রণয়নের লক্ষ্যে সকল জেলা থেকে শিশু সম্পর্কিত সংগৃহীত বিভিন্ন তথ্য (অনুচ্ছেদ ১৪.১ এ বর্ণিত) নিয়ে ৮টি জেলায় আঞ্চলিক সেমিনার এবং ঢাকায় জাতীয় পর্যায়ে সেমিনার অনুষ্ঠিত হয়েছে। এছাড়া মাননীয় মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রীর সভাপতিত্বে প্রকল্প মেয়াদে বিভিন্ন সময় আন্তঃমন্ত্রণালয় (২৬টি মন্ত্রণালয়ের সমন্বয়ে) সভা অনুষ্ঠিত হয়েছে। এ খাতে অনুমোদিত আরটিপিপি'তে ৪৯.৮৮ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৫৫.৬৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে।

**১৪.৩ কনসালটেন্সিঃ** প্রকল্পের আওতায় ৩ জন পরামর্শক নিয়োগ বাবদ এ খাতে ৭২.৩২ লক্ষ টাকা আরটিপিপি সংস্থানের বিপরীতে ৭১.৫০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এ ৩ জন পরামর্শক NPA-এর বাস্তবায়ন সম্পর্কিত Monitoring Frame Work, TOT কোর্সের জন্য Training Manual, ৫ম পিরিয়ডিক্যাল রিপোর্ট প্রণয়ন করেছেন।

**১৪.৪ অন্যান্য খরচঃ** এ অংগে আরটিপিপি সংস্থানকৃত ১২৮.৪৭ লক্ষ টাকার বিপরীতে ১০৭.৪৩ লক্ষ টাকা ব্যয় হয়েছে। এ অংগের আওতায় আউট-সোর্সিং পদ্ধতিতে নিয়োগকৃত ১ জন ডাইভার ও ১ জন এমএলএসএস (অফিস সহায়ক) এর বেতন প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় সকল জেলা থেকে শিশু সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করার পর সকল তথ্য একত্রিত করে একটি Resource Centre ও Data Bank স্থাপনের জন্য ২টি কম্পিউটার ক্রয় করা হয়েছে। শিশু একাডেমি ও মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ৫ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হলেও পরবর্তীতে UNICEF কর্তৃক Resource Centre ও Data Bank স্থাপন করা হয়নি।

## ১৫.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জনঃ

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
(ক) CRC, WFFC এবং বাংলাদেশে শিশু অধিকার সম্পর্কিত প্রতিবেদন প্রণয়ন ও পরিবীক্ষণে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করা;	এ লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ ৬৪টি জেলায় সর্বমোট ২০৬৮ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে যার মধ্যে সরকারি কর্মকর্তাসহ বিভিন্ন এনজিও প্রতিনিধিরাও অন্তর্ভুক্ত ছিল।
(খ) National Plan of Action for Children (২০০৫-২০১০) পরিবীক্ষণ ও মূল্যায়নে সহায়তার পাশাপাশি পরবর্তী NPA প্রণয়ন করা;	প্রকল্প মেয়াদে প্রকল্পের আওতায় ২০০৫-২০১০ সময়কালের জন্য NPA প্রণয়ন করা হয়েছে এবং তা মূল্যায়নের জন্য Monitoring Framework তৈরি করা হয়েছে। তবে পরবর্তী NPA (২০১১-২০১৬) কবে প্রণয়ন করা হবে বা কিভাবে হবে সে সম্পর্কিত কোন তথ্য প্রকল্প পরিচালক বা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা (যুগ্ম-সচিব, উন্নয়ন) হতে জানা যায়নি।
(গ) আন্তঃমন্ত্রণালয় CRC Standing Committee কে আরো কার্যকর করার লক্ষ্যে এটিকে প্রাতিষ্ঠানিকীকরণ;	প্রকল্প চলাকালীন সময়ে মাননীয় মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রীর সভাপতিত্বে নিয়মিতভাবে আন্তঃমন্ত্রণালয় CRC Standing Committee'র সভা অনুষ্ঠিত হয়েছে।
(ঘ) জাতীয় পরিকল্পনা কৌশলপত্র, আইনগত পলিসি, প্রাতিষ্ঠানিক কাঠামোতে শিশু অধিকার সম্পর্কিত বিষয়গুলো প্রতিফলিত করা ও এর বাস্তবায়ন জোরদারকরণ;	এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।
(ঙ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ে একটি Resource Centre এবং Knowledge Management System প্রতিষ্ঠা করা;	Resource Centre এবং Knowledge Management System প্রতিষ্ঠার লক্ষ্যে প্রয়োজনীয় ইকুইপমেন্ট ক্রয় ও জনবলের প্রশিক্ষণ প্রদান করা হলেও এ সংক্রান্ত সফটওয়্যার প্রণয়ন না করায় Resource Centre প্রতিষ্ঠা করা সম্ভব হয়নি।
(চ) শিশু অধিকার সম্পর্কিত পরিকল্পনা ও তা পরিবীক্ষণে জেলা পর্যায়ে সমন্বয় প্রক্রিয়াকে প্রাতিষ্ঠানিকীকরণ এবং জেলা CRC কোরামকে শক্তিশালীকরণ।	প্রকল্প চলাকালীন সময়ে District Child Rights Forum নিয়মিতভাবে সভায় মিলিত হলেও বর্তমানে তা নিয়মিতভাবে করা সম্ভব হচ্ছে না বলে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা জানান।

১৬.০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ প্রকল্পের আওতায় Resource Centre & Data Bank স্থাপন এবং শিক্ষা সফর ব্যতীত সকল কর্মকান্ড সম্পাদিত হয়েছে। প্রকল্পের আওতায় National Plan of Action for the Children (NPA) প্রণয়ন করা হয়েছে এবং তা মনিটরিং-এর জন্য Monitoring Framework তৈরি করা হয়েছে। UN Convention on the Rights of the Child (UNCRC) অনুযায়ী জাতিসংঘে ৩য়, ৪র্থ ও ৫ম পিরিয়ডিক্যাল রিপোর্ট গ্রহণ করা হয়েছে। এ সকল রিপোর্ট প্রণয়নে মন্ত্রণালয়ের সক্ষমতা বৃদ্ধি করার লক্ষ্যে জেলা পর্যায়সহ (৬৪টি জেলা) মন্ত্রণালয়ের ২০৬৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৫ জনের একটি প্রশিক্ষক পুল গঠন করা হয়েছে। তবে মন্ত্রণালয় কর্তৃক প্রকল্প পরবর্তী সময়ে NPA ও পিরিয়ডিক্যাল রিপোর্ট কিভাবে প্রণয়ন করা হবে সে সম্পর্কিত সুস্পষ্ট কোন তথ্য প্রকল্প পরিচালক ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা হতে জানা যায়নি। এছাড়া প্রকল্প চলাকালীন সময়ে সকল জেলায় গঠিত District Child Right Forum (শিশু সম্পর্কিত বিভিন্ন তথ্য পর্যালোচনার জন্য) প্রকল্প মেয়াদে কার্যকর থাকলেও বর্তমানে এটি আর তেমনভাবে কার্যকর নয় বলে জানা যায়।

## ১৭.০ প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ

১৭.১ বিলম্বে পিসিআর প্রেরণঃ আইএমইডি'র ২৯/০৩/২০০৬ তারিখের আইএমইডি/সমন্বয়-৩/৬(৩)/২০০৪/১৬২ নং পরিপত্রের ১৩ নং অনুচ্ছেদ অনুযায়ী কোন উন্নয়ন প্রকল্প সমাপ্ত হওয়ার পর সাড়ে তিন মাসের মধ্যে পিসিআর প্রেরণের নির্দেশনা থাকলেও আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর, ২০১২'তে সমাপ্ত হলেও প্রকল্পটির পিসিআর আইএমইডি'তে পাওয়া যায় ১২/০১/২০১৫ তারিখে অর্থাৎ প্রকল্প সমাপ্তির ২ (দুই) বছর পর। যা সম্পূর্ণ অনাকাঙ্ক্ষিত এবং এত দেরিতে পিসিআর প্রেরণ যে কোন প্রকল্প সঠিকভাবে মূল্যায়নের অন্তরায়।

- ১৭.২ **কয়েকটি অংশে আরটিপিপি সংস্থানের চেয়ে বেশি ব্যয় হওয়াঃ** পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পটির আওতায় নিম্নবর্ণিত কয়েকটি অংশে অনুমোদিত আরটিপিপি সংস্থানের চেয়ে বেশি ব্যয় করা হয়েছেঃ

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংশের নাম	আরটিপিপি'র প্রশাসনিক আদেশের ৩ নং ক্রমিকে বর্ণিত অংশ ভিত্তিক বিভাজনের ক্রমিক নং	সংশোধিত টিপিপি সংস্থান	প্রকৃত ব্যয়
১	পেট্রোল ও লুব্রিকেন্ট (জিওবি)	১১	৫.৭০	৬.১৭
২	অফিস স্টেশনারী (জিওবি)	১২	১.৫০	২.২৯
৩	সভা/সেমিনার/ওয়ার্কশপ (জিওবি+প্র:সা:)	১৫	৪৯.৮৮	৫৫.৬৪
৪	আপ্যায়ন (জিওবি)	১৬	০.৪০	০.৪৩
৫	মটর যানবাহন (জিওবি)	১৯	৫.৭২	৬.৮২
৬	কম্পিউটার ও অফিস সন্ত্রপাতি (জিওবি)	২০	২.০০	২.৩৪
৭	যন্ত্রপাতি ও সরঞ্জাম (জিওবি)	২১	১.২১	২.০৭
		<b>মোট:</b>	<b>৬৬.৪১</b>	<b>৭৫.৭৬</b>

এ অংশগুলোর মধ্যে ৬টি অংশ জিওবি অর্থায়নে এবং ১টি অংশ (সভা/সেমিনার/ওয়ার্কশপ) জিওবি ও প্রকল্প সাহায্যের অর্থে বাস্তবায়িত হয়েছে। এসব অংশে আরটিপিপি সংস্থানের চেয়ে বেশি ব্যয় হওয়ার কারণ, প্রকল্প পরিচালক সুস্পষ্টভাবে কিছু জানাতে পারেননি।

- ১৭.৩ **প্রকল্পের আওতায় একটি গুরুত্বপূর্ণ কাজ সম্পাদিত না হওয়াঃ** সাধারণ মানুষ যাতে শিশুদের সম্পর্কিত সকল তথ্য অর্থাৎ জেলা ভিত্তিক শিশু শিক্ষার হার, বারে পড়া শিক্ষার্থীর হার, চিকিৎসা প্রাপ্ত শিশুর সংখ্যা, পুনর্বাসনকৃত শিশুর অবস্থা, নির্যাতনের শিকার হওয়া শিশুর অবস্থা, পাচার হওয়া বা পাচার হওয়ার সময় উদ্ধারকৃত শিশুর সংখ্যা ইত্যাদি বিষয়ে সহজেই পেতে পারে, সেজন্য প্রকল্পের আওতায় একটি **Resource Centre & Data Bank** স্থাপন করার কথা থাকলেও তা করা হয়নি।

- ১৭.৪ **প্রকল্প পরবর্তী সময়ে প্রকল্পের কার্যক্রমের ধারাবাহিকতা রক্ষা না হওয়াঃ** প্রকল্পের আওতায় নিম্নলিখিত গুরুত্বপূর্ণ কাজগুলো সম্পাদিত হয়ঃ

(ক) National Plan of Action for the Children (NPA) (২০০৫-২০১০) প্রণয়ন করা হয়েছে;

(খ) (NPA) মনিটরিং-এর জন্য Monitoring Framework তৈরি করা হয়েছে।

(গ) UN Convention on the Rights of the Child (UNCRC) অনুযায়ী জাতিসংঘে ৩য়, ৪র্থ ও ৫ম পিরিয়ডিক্যাল রিপোর্ট প্রণয়ন করা হয়েছে।

(ঘ) বর্ণিত রিপোর্টগুলো প্রণয়নে সংশ্লিষ্ট মন্ত্রণালয়সহ জেলা পর্যায়ে (৬৪টি জেলা) ২০৬৮ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৫ জনের একটি প্রশিক্ষক পুল গঠন করা হয়েছে।

প্রকল্প পরিচালক ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনায় জানা যায় যে, প্রকল্পের উদ্দেশ্য (৭.২ (খ)) অনুযায়ী এখনো পরবর্তী NPA (২০১১-২০১৬) প্রণয়ন করা হয়নি। এছাড়াও পরবর্তী পিরিয়ডিক্যাল রিপোর্ট কিভাবে প্রণয়ন করা হবে সে সম্পর্কিত সুস্পষ্ট কোন তথ্য পাওয়া যায়নি এবং প্রকল্প চলাকালীন সময়ে সকল জেলায় গঠিত District Child Right Forum (শিশু সম্পর্কিত বিভিন্ন তথ্য পর্যালোচনার জন্য) প্রকল্প মেয়াদে কার্যকর থাকলেও বর্তমানে এটি আর তেমনভাবে কার্যকর নয় বলে জানা যায়। অর্থাৎ সার্বিক বিবেচনায় দেখা যায় যে, প্রকল্পের কাজের ধারাবাহিকতা রক্ষা করা সম্ভব হয়নি।

#### ১৮.০ সুপারিশ/দিক-নির্দেশনাঃ

- ১৮.১ ভবিষ্যতে কোন প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের মূল্যায়নের সুবিধার্থে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে অবশ্যই প্রকল্প সমাপ্তির সাড়ে তিন মাসের মধ্যে নির্ভুল ও সঠিক তথ্য সম্বলিত পিসিআর আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

- ১৮.২ বিভিন্ন অংশে আরটিপিপি'র সংস্থানের চেয়ে বেশি ব্যয় হওয়া পরিকল্পনা ও আর্থিক শৃংখলা পরিপন্থী। সংশ্লিষ্ট মন্ত্রণালয় এ বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যা আইএমইডি'কে অবহিত করবে এবং বর্ণিত প্রকল্পটির নিরীক্ষা সম্পন্ন করা পূর্বক নিরীক্ষা প্রতিবেদনের ছায়াপি আইএমইডি'তে প্রেরণ করতে হবে;

- ১৮.৩ প্রকল্পের সকল কার্যক্রম সম্পন্ন করে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করার বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়-দায়িত্ব রয়েছে। ইউনিসেফ কর্তৃক Data Bank স্থাপনের লক্ষ্যে ইকুইপমেন্ট ক্রয় ও প্রশিক্ষণ সম্পন্ন হলেও ইউনিসেফ কর্তৃক সফটওয়্যার তৈরি না করার বিষয়ে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আইএমইডি'কে অবহিত করতে হবে; এবং

- ১৮.৪ প্রকল্পের কার্যক্রমের Sustainability'র উপর প্রকল্পের সফলতা নির্ভর করে। কাজেই যে কোন প্রকল্পের কার্যক্রমের যাতে Sustainability থাকে, সে বিষয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়কে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে।



**“Promotion of Gender Equality and Women’s Empowerment (২য় সংশোধিত)” শীর্ষক**

কারিগরি সহায়তা প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্তঃ জুন, ২০১৩)

- ১.০ প্রকল্পের অবস্থান : ৯টি জেলা (সিলেট, কক্সবাজার, কুমিল্লা, গোপালগঞ্জ, কুড়িগ্রাম, ময়মনসিংহ, নোয়াখালী, রংপুর ও ভোলা)
- ২.০ মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৩.০ বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর
- ৪.০ প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা (প্রঃসাঃ)	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা (প্রঃসাঃ)	সর্বশেষ সংশোধিত মোট টাকা (প্রঃসাঃ)		মূল	সর্বশেষ সংশোধিত			
১১২৮.৪০ ৩২.০০ (১০৯৬.৪০)*	২১৪০.৭২ ২৫.১২ (২১১৫.৬০)*	২১৪০.৭২ ২৫.১২ (২১১৫.৬০)*	জানুঃ, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১০	জানুঃ, ২০০৬ হতে জুন, ২০১৩	জানুঃ, ২০০৬ হতে জুন, ২০১৩	১০১২.৩২ (৮৯.৭১%)	২ বছর ৬ মাস (৫০%)

\* ইউএনএফপিএ।

৫.০ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্ত প্রতিবেদন (পিসিআর) এবং সংশোধিত টিপিপি পর্যালোচনার ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (পিসিআর অনুযায়ী)		সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আরটিপিপি পর্যালোচনা করে প্রাপ্ত)		জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
০১	Address discriminatory practices in laws and policies	No.	120.04	2031	137.60	2026	137.6 0	2026
০২	Capacity development for WID focal points	No.	17.44	10	14.83	8	14.83	8
০৩	Conduct need based research on 4 Gender, GBV issues and dissemination	No.	41.50	7	59.30	8	82.10	8
০৪	Development and printing of IEC & BCC materials for campaign and dissemination Bill Boards and other printing materials	No.	52.00	18	65.10	18	65.10	18
০৫	Capacity Development training & meeting	No.	50.20	24	22.80	30	19.30	30
০৬	Training	No.	49.90	20	91.13	20	71.83	20
০৭	Conference/fellowship	No.	30.30	10	37.60	6	37.60	6
০৮	Sensitizing	No.	41.02	20	151.13	22	151.1	22

ক্রমিক নং	সংশোধিত টিপিপি অনুযায়ী কাজের অংগ	একক	সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (পিসিআর অনুযায়ী)		সংশোধিত টিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা (আরটিপিপি পর্যালোচনা করে প্রাপ্ত)		জুন, ২০১৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
	community						3	
০৯	Design and establish database on gender based violence	No.	3.40	4	19.10	1	19.10	1
১০	Support to the victims of violence	No.	923.41	-	819.23	-	819.2 3	-
১১	Establish male coalition	No.	134.60	300	197.25	302	197.2 5	302
১২	Monitoring and evaluation	No.	31.40	3	36.20	3	36.20	3
১৩	Steering & PIC meeting	No.	6.21	25	4.48	28	4.48	28
১৪	Program Management Personel & part time field motivators	No.	404.60	108	252.02	108	252.0 2	108
১৫	International, local consultant & CST advisor	No.	48.18	5	55.30	3	55.30	3
১৬	Travel & per diem for project staff: UNFPA & GOB	L.S.	24.42	-	18.40	-	18.40	-
১৭	Equipments	No.	90.90	50	96.21	50	96.21	50
১৮	Operation and maintenance	L.S.	40.40	-	31.62	-	31.62	-
১৯	Sundry	L.S.	5.68	-	6.30	-	6.30	-
২০	CD/VAT	L.S.	-	-	25.12	-	25.12	-
	<b>মোটঃ</b>		<b>২১১৫.৬০</b>	<b>-</b>	<b>২১৪০.৭২</b>	<b>-</b>	<b>২১৪০.৭২</b>	<b>-</b>

৬.০ **কাজ অসমাপ্ত থাকিলে উহার কারণঃ** পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, টিপিপি লক্ষ্যমাত্রা অনুযায়ী কোন অংগের কাজ অসমাপ্ত নেই।

#### ৭.০ **সাধারণ পর্যবেক্ষণঃ**

৭.১ **পটভূমিঃ** বাংলাদেশে স্বাস্থ্য সেবা, শিক্ষা এবং চাকুরির ক্ষেত্রে তুলনামূলকভাবে নারীরা পুরুষের তুলনায় এখনও অনেক কম সুযোগ পায়। এছাড়া সিদ্ধান্ত গ্রহণে মহিলাদের অংশগ্রহণ অনেক ক্ষেত্রে কম। যার প্রেক্ষিতে গর্ভনিরোধ ব্যবহার, জন্ম নিয়ন্ত্রণ, নিরাপদ মাতৃত্ব ইত্যাদি ক্ষেত্রে নারীর মতামত প্রাধান্য পায় না। তাছাড়া, নারীরা সহিংসতা, যৌতুক, বাল্যবিবাহ, পাচার, এসিড নিক্ষেপ ও ধর্ষণের শিকার হয়। এ প্রেক্ষাপটে বিভিন্ন সচেতনতামূলক কর্মকান্ডের মাধ্যমে সমাজে নারী ও পুরুষের মধ্যে সমতা আনয়নের লক্ষ্যে UNFPA-এর ৭ম কান্ট্রি প্রোগ্রামের অধীনে এ প্রকল্প গ্রহণ করা হয়।

৭.২ **উদ্দেশ্যঃ** প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে- নারীর প্রতি বৈষম্য রোধ করে নারী পুরুষ সমতার লক্ষ্যে সামাজিক আচরণগত পরিবর্তনে সহায়তা করা যাতে নারীরা নিজেদের অধিকারের ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন।

#### সুনির্দিষ্ট উদ্দেশ্যঃ

- বিভিন্ন স্টেকহোল্ডারদেরকে যেমনঃ বিভিন্ন মন্ত্রণালয়ের জেডার ফোকাল পয়েন্ট, সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণকে Gender and Development, Gender based violence, প্রজনন স্বাস্থ্য ও মানবাধিকারের উপর প্রশিক্ষণ/পরিচিতি করানো;
- কমিউনিটি লিডারদেরকে Gender issues, Gender based violence, প্রজনন স্বাস্থ্য, মানবাধিকার বিষয়ে সংবেদনশীল করা;
- পলিসি ডায়ালগের মাধ্যমে নারীর অধিকার চর্চার জন্য অনুকূল পরিবেশ তৈরিতে সহায়তা করা;
- নির্বাচিত জেলাগুলোতে Gender based violence-এর শিকার নারীদেরকে সহায়তা প্রদান; এবং
- Gender based violence বন্ধে, নারী-পুরুষের মধ্যে সমতার লক্ষ্যে নারীর অধিকার প্রতিষ্ঠায় পুরুষদের অংশগ্রহণ নিশ্চিত করা।

#### ৮.০ প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ

৮.১ প্রকল্প অনুমোদনঃ প্রকল্পটি মোট ১১২৮.৪০ লক্ষ টাকা (জিওবি ৩২.০০ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ১০৯৬.৪০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৬ থেকে ডিসেম্বর, ২০১০ মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদনের পর মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ১০/০৫/২০০৬ তারিখে প্রকল্প অনুমোদনের প্রশাসনিক আদেশ জারি করে।

৮.২ ১ম বার মেয়াদ বৃদ্ধিঃ প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ১ বছর অর্থাৎ ডিসেম্বর, ২০১১ পর্যন্ত বৃদ্ধি করা হয়।

৮.৩ ১ম সংশোধনঃ প্রকল্পের আওতায় নিউজ লেটার, ডেভেলপমেন্ট এন্ড প্রিন্টিং, অর্গানাইজারদের জন্য এ্যাওয়ার্ড, ভাড়াই গাড়ী, কম্পিউটার, প্রিন্টার, ফ্যাক্স, রেফ্রিজারেটর, সুইং মেশিন, সহিংসতার শিকার নারীদেরকে নিয়ে ডাটাবেইজ তৈরি ইত্যাদিসহ “Joint Program- to address violence against women” শীর্ষক নতুন কম্প্যান্যান্ট অন্তর্ভুক্ত এবং মূল প্রকল্পের অংগভিত্তিক ব্যয় বৃদ্ধি করে প্রকল্প ব্যয় ২১৪০.৭২ লক্ষ টাকা (জিওবি ২৫.১২ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ২১১৫.৬০ লক্ষ টাকা) নির্ধারণ করে জানুয়ারি, ২০০৬ থেকে ডিসেম্বর, ২০১২ মেয়াদে বাস্তবায়নের জন্য যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ০১/১২/২০১০ তারিখে ১ম সংশোধিত টিপিপি অনুমোদিত হয়।

৮.৪ ২য় সংশোধনঃ প্রকল্পের আওতায় “Joint Program- to address violence against women” শীর্ষক নতুন কম্প্যান্যান্ট-এর মেয়াদ ২০১৩ পর্যন্ত বলবৎ ছিল। তাছাড়া নারী নির্যাতনের ওপর গবেষণা খাতে ১৯.৮০ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি, জেডার বেইজড ভায়োলেন্স-এর ওপর প্রামাণ্য চলচ্চিত্র নির্মাণ খাতে ৬.০০ লক্ষ টাকা ব্যয় হ্রাস, জাতীয় পর্যায়ে এবং নির্বাচিত ৭টি জেলায় ১৬ দিনের Activism Campaign খাতে ১১১.৬৩ লক্ষ টাকা ব্যয় বৃদ্ধি, নতুন কয়েকটি অংগ যেমনঃ আন্তর্জাতিক কনসালটেন্ট নিয়োগ, বাস্তবায়ন সহায়তা প্রদানের জন্য এনজিও নিয়োগ, জেডার বেইজড-এর উপর কর্মকর্তাদের বৈদেশিক প্রশিক্ষণ ইত্যাদি কারণে আন্তঃখাত সমন্বয় করে প্রকল্পটি ২য় বার সংশোধন করা হয়। সংশোধিত টিপিপি ২১৪০.৭২ লক্ষ টাকা (জিওবি ২৫.১২ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২১১৫.৬০ লক্ষ টাকা) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি, ২০০৬ হতে জুন, ২০১৩ মেয়াদে বাস্তবায়নের জন্য ০২/০৭/২০১৩ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

৯.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিচালক (উপ-সচিব) জনাব কামাল উদ্দিন ১২/০৪/২০১১ তারিখ হতে প্রকল্প সমাপ্তির তারিখ পর্যন্ত প্রকল্পটির প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেছেন। প্রকল্পের শুরু থেকে ১১/০৪/২০১১ তারিখ পর্যন্ত প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য পিসিআরে উল্লেখ নেই।

#### ১০.০ বছর ভিত্তিক সংশোধিত এডিপি বরাদ্দ, অবমুক্তি ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

আর্থিক বছর	এডিপি বরাদ্দ (সংশোধিত)			অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০০৫-২০০৬	১০.০০	-	১০.০০	-	৬.০০	-	৬.০০
২০০৬-২০০৭	১৮২.০০	-	১৮২.০০	-	১৮২.০০	-	১৮২.০০
২০০৭-২০০৮	২০৬.০০	-	২০৬.০০	-	১৮৯.৬০	-	১৮৯.৬০
২০০৮-২০০৯	২৩১.০০	-	২৩১.০০	-	২২৯.৯০	-	২২৯.৯০

আর্থিক বছর	এডিপি বরাদ্দ (সংশোধিত)			অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০০৯-২০১০	২০৪.০০	-	২০৪.০০	-	২০৩.৮৮	-	২০৩.৮৮
২০১০-২০১১	৪৮০.০০	-	৪৮০.০০	-	২৯৭.২১	-	২৯৭.২১
২০১১-২০১২	৪৯৬.০০	-	৪৯৬.০০	-	৪৫৮.৪৫	-	৪৫৮.৪৫
২০১২-২০১৩	৫৫০.০০	-	৫৫০.০০	-	৫৪৮.৫৬	-	৫৪৮.৫৬
মোটঃ	২৩৫৯.০০	-	২৩৫৯.০০	-	২১১৫.৬০*	-	২১১৫.৬০*

□ প্রকল্পটির আর্থিক অগ্রগতি ২১৪০.৭২ লক্ষ টাকা (জিওবি: ২৫.১২ লক্ষ টাকা, পিএ: ২১১৫.৬০ লক্ষ টাকা)। প্রকল্পের প্রকল্প সাহায্যের অর্থ সরাসরি ইউএনএফপিএ কর্তৃক খরচ করা হয়েছে সেজন্য অবমুক্তি অংশে অর্থ অবমুক্তি সম্পর্কে কোন তথ্য নেই। তবে জিওবি অংশে সিডি-ভ্যাট খাতে ব্যয়কৃত ২৫.১২ লক্ষ টাকার অবমুক্তি সম্পর্কিত তথ্য পিসিআরে উল্লেখ করার কথা থাকলেও তা উল্লেখ করা হয়নি এবং এর ব্যয় সম্পর্কিত তথ্যও প্রদান করা হয়নি।

১১.০ **প্রকল্প পরিদর্শনঃ** প্রকল্পটির সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নের লক্ষ্যে আইএমইডি কর্তৃক গত ২৫/০৯/২০১৪ তারিখে সিলেট সদরে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক পরিচালিত “মহিলা সহায়তা কর্মসূচি” কার্যালয়ে এ প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় উক্ত কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। এছাড়া প্রকল্পের অংগভিত্তিক ব্যয় পর্যালোচনার জন্য প্রকল্প পরিচালক জনাব কামাল উদ্দিন (বর্তমানে সরকারের যুগ্ম-সচিব, স্টীল ও ইঞ্জিনিয়ারিং কর্পোরেশনে কর্মরত) এবং মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাদের সাথে টেলিফোন ও ই-মেইলে যোগাযোগ করা হয়। তাদের নিকট হতে ফ্যাক্স মারফত প্রাপ্ত তথ্য ও সিলেট জেলায় পরিদর্শনে প্রাপ্ত তথ্যের আলোকে প্রকল্পের অংগভিত্তিক ব্যয় নিম্নে বর্ণনা করা হল:

১১.১ **Address discriminatory practices in laws and policies:** নারীর প্রতি বৈষম্য এবং সহিংসতা প্রতিরোধে সরকারের নীতি নির্ধারণী পর্যায়ে পলিসি ডায়ালগ, জাতীয় পর্যায়ে সংশ্লিষ্ট সকলকে নিয়ে (নারীর প্রতি সহিংসতা বিষয়ে কাজ করা ৯টি মন্ত্রণালয় এবং UN-এর বিভিন্ন সংস্থা) আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, সিলেট জেলা পরিদর্শনের সময় জানা যায় যে, সিলেট জেলার ১০১টি ইউনিয়ন ও ৪টি পৌরসভায় ফিল্ড মটিভেটররা উঠান বৈঠক, কমিউনিটি মিটিং সম্পন্ন করেছে। বৈঠকে নারী নির্যাতনের সার্বিক বিষয় নিয়ে আলোচনা করেছেন বলে জানা গিয়েছে এবং কারো আশ্রয় দানের প্রয়োজন হলে তাকে আশ্রয় কেন্দ্রে আনতে সহায়তা করেছেন। উল্লেখ্য, এ খাতে আরটিপিপি’তে ১৩৭.৬০ সংস্থানের বিপরীতে পুরো অর্থই ব্যয় হয়েছে। পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, এ রকম মোট ২০২৬টি সভা অনুষ্ঠিত হয়েছে। তবে তারা সহিংসতার শিকার কতজন নারীকে আশ্রয়কেন্দ্রে এনেছেন বা প্রশিক্ষণের আওতায় এনেছেন তার কোন পৃথক হিসাব পাওয়া যায়নি। উল্লেখ্য, বর্তমানে প্রকল্প সমাপ্তির পর সিলেট জেলায় আশ্রয়কেন্দ্রে সহিংসতার শিকার নারীদেরকে আশ্রয় ও প্রশিক্ষণ প্রদান রাজস্ব বাজেটের আওতায় একটি চলমান কার্যক্রম।

১১.২ **Conduct need based research on Gender, GBV issues and dissemination:** পিসিআর এবং সংশোধিত টিপিপি পর্যালোচনা করে দেখা যায় যে, রিসার্চ খাতে ৫৯.৩০ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ৮২.১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। পিসিআর-এর পৃষ্ঠা-৭ এ নিম্নলিখিত ৪টি রিসার্চ ক্রয় সংক্রান্ত তথ্য উল্লেখ করা হয়েছে।

- Research on Child Marriage and dowry and its consequences;
- Documentation of Project Activities in Audio visual Form;
- Development of IEC/BCC Material
- Newsletter, training module, poster and SOP printing

১১.৩ **Development and printing of IEC & BCC materials for campaign and dissemination Bill Boards and other printing materials:** পিসিআর এবং সংশোধিত টিপিপি পর্যালোচনা করে দেখা যায় যে, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে Information Education & Communication (IEC) এবং Behavior Change Communication (BCC) Material ছাপানো, পোস্টার ছাপানো, Documentary Film প্রণয়ন, Gender based Violence এর TV telecast প্রচার, Bill Board তৈরি, Violence Against Women

বিষয়ে যথাযথ ভূমিকা রাখায় ৯টি জেলার ১২টি সংস্থাকে পুরস্কার প্রদান বাবদ আরটিপিপিতে সংস্থানকৃত ৬৫.১০ লক্ষ টাকার বিপরীতে ৬৫.১০ লক্ষ টাকাই ব্যয় হয়েছে।

- ১১.৪ **Sensitizing community:** নারীর অধিকার এবং নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে স্থানীয় জনপ্রতিনিধিদেরকে সচেতন করার লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মেম্বারদেরকে নিয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। নারীর অধিকার সম্পর্কিত বিভিন্ন দিবস (International Womens Day, VAW দিবস, রোকেয়া দিবস) এবং প্রকল্পের শুরুতে 16 Days Activism-এর আওতায় প্রকল্প বাস্তবায়ন এলাকা ও জাতীয় পর্যায়ে সভা, সেমিনার, র্যালি অনুষ্ঠিত হয়েছে। এ খাতে ১৫১.১৩ লক্ষ টাকা সংস্থানের বিপরীতে ১৫১.১৩ লক্ষ টাকা পুরোটা ব্যয় হয়েছে।
- ১১.৫ **Design and establish database on gender based violence:** প্রকল্পের বাস্তবায়ন এলাকা ৯টি জেলায় সহিংসতার শিকার নারীদের একটি ডাটাবেইজ গঠনের বিষয়টি সংশোধিত টিপিপি'তে উল্লেখ রয়েছে এবং সংস্থানকৃত ১৯.১০ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে। তবে ডাটাবেইজ সম্পর্কিত কোন তথ্য প্রকল্প পরিচালকসহ সংশ্লিষ্ট কারো কাছ থেকে পাওয়া যায়নি। সিলেট জেলায় পরিদর্শনের সময় এ রকম কোন ডাটাবেইজের অস্তিত্ব খুঁজে পাওয়া যায়নি এবং সংশ্লিষ্ট কর্মকর্তা এ বিষয়ে কিছু জানেন না মর্মে জানিয়েছেন।
- ১১.৬ **Support to the victims of violence:** ৯টি আশ্রয়কেন্দ্রে সহিংসতার শিকার নারীদেরকে খাদ্য সহায়তা, আশ্রয় প্রদান (আশ্রয় কেন্দ্রের ভাড়া), আইনী সহায়তা, চিকিৎসা সহায়তা, প্রশিক্ষণ প্রদান এবং কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা বাবদ আরটিপিপি সংস্থানকৃত ৮১৯.২৩ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে। অন্যান্য সকল কার্যক্রম অর্থাৎ খাদ্য সহায়তা, কেন্দ্রের ভাড়া, আইনী সহায়তা প্রদান, চিকিৎসা সহায়তা প্রকল্পের আওতায় সম্পাদিত হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায় যে, বর্ণিত প্রকল্পের বাস্তবায়ন এলাকা ৯টি জেলার মধ্যে বর্তমানে সিলেট (রাজশ্ব বাজেটের মাধ্যমে) ও কক্সবাজারে (অন্য একটি প্রকল্পের মাধ্যমে) এ ধরনের কার্যক্রম চালু রয়েছে।
- ১১.৭ **Establish male coalition:** নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে পুরুষদের দৃষ্টিভঙ্গির ইতিবাচক পরিবর্তনের লক্ষ্যে প্রচার-প্রচারণা, মিটিং, বিভিন্ন স্কুলে বিতর্ক প্রতিযোগিতা, ওয়ার্কশপ, প্রশিক্ষণ বাবদ আরটিপিপি সংস্থানকৃত ১৯৭.২৫ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে।
- ১১.৮ **Monitoring and evaluation:** প্রকল্পটির প্রভাব মূল্যায়নের জন্য আরটিপিপি'তে সংস্থানকৃত ৩৬.২০ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে। তবে প্রকল্প পরিচালক বা প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে প্রকল্পের প্রভাব মূল্যায়ন প্রতিবেদনের কোন হার্ডকপি নেই মর্মে জানা গেছে। পিসিআর-এর ১০ নং পৃষ্ঠায় উল্লেখ আছে যে, ৯টি UN Organization এবং ১১টি মন্ত্রণালয় কর্তৃক “Joint Program on Violence Against Women (JP VAW)” শীর্ষক কার্যক্রমটি মূল্যায়ন সম্পন্ন হয়েছে।
- ১১.৯ **Program Management Personnel & part time field motivators and International, local consultant & CST advisor:** প্রকল্প চলাকালীন সময়ে প্রকল্পের আওতায় ১ জন প্রজেক্ট অফিসার, ১ জন সহযোগী সহকারী এজেন্ট অফিসার, ২ জন সহকারী ফাইন্যান্স অফিসার, একজন ড্রাইভার, একজন মেসেঞ্জার এবং ৭২ ফিল্ড মটিভেটর ইউএনএফপিএ কর্তৃক নিয়োগ করা হয়েছে। এদের বেতন-ভাতা বাবদ আরটিপিপি সংস্থানকৃত ২৫২.০২ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় বিভিন্ন রিসার্চ সম্পন্ন করার জন্য ৪ জন ব্যক্তি পরামর্শকের জন্য আরটিপিপি'তে সংস্থানকৃত ৫৫.৩০ লক্ষ টাকার বিপরীতে ৫৫.৩০ লক্ষ টাকা ব্যয় হয়েছে।
- ১১.১০ **Equipments:** পরিদর্শনের সময় জানা যায় যে, সিলেট জেলায় প্রকল্পের আওতায় কম্পিউটার (১ সেট), ফ্যাক্স মেশিন (১ সেট), ফটোকপি (১টি), কম্পিউটার টেবিল (১ সেট), চেয়ার (৮টি), হাফ সেক্রেটারিয়েট টেবিল (২টি), আশ্রয় কেন্দ্রের জন্য ১০টি টোকি, ১০টি আলনা, কেন্দ্রে আশ্রিতদেরকে সেলাই প্রশিক্ষণ দেয়ার পর মোট ৫৩ জনকে ৫৩টি সেলাই প্রদান করা হয়েছে। এভাবে অন্যান্য কেন্দ্র ও প্রকল্প কার্যালয়ে আসবাবপত্র ও ইকুইপমেন্ট সরবরাহ করা হয়েছে বলে জানা যায়। এ বাবদ আরটিপিপি'তে সংস্থানকৃত ৯৬.২১ লক্ষ টাকার পুরোটাই ব্যয় হয়েছে।
- ১২.০ **সিলেট জেলায় প্রকল্পের আওতায় বাস্তবায়িত কার্যক্রমঃ** বর্ণিত প্রকল্পের ৯টি বাস্তবায়ন এলাকার মধ্যে বর্তমানে সিলেট জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের মহিলা সহায়তা কর্মসূচি'র মাধ্যমে সহিংসতার শিকার নারীদের আশ্রয় ও প্রশিক্ষণ রাজশ্ব বাজেটের আওতায় পরিচালিত হচ্ছে এবং কক্সবাজার জেলায় অন্য একটি কর্মসূচি'র মাধ্যমে কার্যক্রমটি চলমান রয়েছে বলে জানা যায়।

বর্ণিত প্রকল্পের আওতায় সিলেট জেলায় নিম্নলিখিত কাজগুলো সম্পাদিত হয়:

- ✓ আশ্রয়কেন্দ্রের ভাড়া, কেন্দ্রে আশ্রিতদের তিন বেলা খাদ্য প্রদান, আশ্রিতদের চিকিৎসা সেবা, আইনী সহায়তা, প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তবে বর্তমানে সিলেটে “মহিলা সহায়তা কর্মসূচি” এর আওতায় কার্যক্রম নিজস্ব ভবনে পরিচালিত হচ্ছে। উল্লেখ্য, পরিদর্শনের সময় কেন্দ্রে ১২ জন নারী ও ১৩ জন শিশু অবস্থান করছিল, তবে সেখানে ২০ জন নারী ও ৪০ জন শিশু থাকার সুব্যবস্থা রয়েছে;
- ✓ প্রকল্পের আওতায় সিলেট জেলার ১০১টি ইউনিয়ন ও ৪টি পৌরসভায় প্রকল্পের আওতায় নিয়োগকৃত ফিল্ড মন্ট্রিভেটররা উঠান বৈঠক, কমিউনিটি মিটিং করেছে এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে নারীর প্রতি সহিংসতা বিষয়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে;
- ✓ অফিস ইকুইপমেন্ট ও প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন সরবরাহ করা হয়েছে।
- ✓ সংশ্লিষ্ট কর্মকর্তাদেরকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে; এবং
- ✓ বিভিন্ন দিবস ও সময়ে আলোচনা সভা, সেমিনার, র্যালী ইত্যাদি অনুষ্ঠিত হয়েছে।

### ১৩.০ প্রকল্পের উদ্দেশ্য ও অর্জন:

পরিকল্পিত উদ্দেশ্য	অর্জন
বিভিন্ন স্টেকহোল্ডারদেরকে যেমনঃ বিভিন্ন মন্ত্রণালয়ের জেডার ফোকাল পয়েন্ট, সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণকে Gender and Development, Gender based violence, প্রজনন স্বাস্থ্য ও মানবাধিকারের উপর প্রশিক্ষণ/পরিচিত করানো;	বিভিন্ন মন্ত্রণালয়ের জেডার ফোকাল পয়েন্ট, সরকারি ও বেসরকারি কর্মকর্তাগণকে নিয়ে Gender and Development, Gender based violence, প্রজনন স্বাস্থ্য ও মানবাধিকারের উপর জাতীয় পর্যায়ে পলিসি ডায়ালগ, সভা, সেমিনার এবং প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে;
কমিউনিটি লিডারদেরকে Gender issues, Gender based violence, প্রজনন স্বাস্থ্য, মানবাধিকার বিষয়ে সংবেদনশীল করা;	নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে করণীয় সম্পর্কে সমাজের বিভিন্ন পেশা-শ্রেণীর মানুষদেরকে নিয়ে প্রকল্পের ৯টি বাস্তবায়ন এলাকায় উঠান বৈঠক, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে;
পলিসি ডায়ালগের মাধ্যমে নারীর অধিকার চর্চার জন্য অনুকূল পরিবেশ তৈরিতে সহায়তা করা;	সংশ্লিষ্ট সকলকে নিয়ে জাতীয় পর্যায়ে পলিসি ডায়ালগ অনুষ্ঠিত হয়েছে;
নির্বাচিত জেলাগুলোতে Gender based violence এর শিকার নারীদেরকে সহায়তা প্রদান; এবং	নির্বাচিত জেলাগুলোতে সহিংসতার শিকার নারীদেরকে প্রকল্পের আওতায় আশ্রয়, প্রশিক্ষণ, আশ্রয়কেন্দ্রে থাকাকালীন সময়ে খাবার ও পরবর্তীতে সেলাই মেশিন সরবরাহ করা হয়েছে; এবং
Gender based violence বন্ধে, নারী-পুরুষের মধ্যে সমতার লক্ষ্যে নারীর অধিকার প্রতিষ্ঠায় পুরুষ এবং ছেলেদের অংশগ্রহণ নিশ্চিত করা।	নারীর প্রতি সহিংসতা প্রতিরোধে পুরুষ এবং ছেলেদের করণীয় সম্পর্কে আলোচনা সভা, কমিউনিটি পর্যায়ে উঠান বৈঠক এবং শিক্ষা প্রতিষ্ঠানে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

১৪.০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হয়ে থাকলে তার কারণঃ** প্রকল্পটির মূল উদ্দেশ্য ছিল- নারীর প্রতি বৈষম্য রোধ করে নারী পুরুষ সমতার লক্ষ্যে সামাজিক আচরণগত পরিবর্তনে সহায়তা করা, যাতে নারীরা নিজেদের অধিকারের ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারেন। পিসিআর পর্যালোচনা করে দেখা যায়, এ লক্ষ্যে সভা, সেমিনার, ওয়ার্কশপ, সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ, উঠান বৈঠক, বিলবোর্ড স্থাপন, প্রচার-প্রচারণা, অফিস ইকুইপমেন্ট ও প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন সরবরাহ করা হয়েছে। এছাড়া প্রকল্পের আওতায় পরামর্শক, Program Management Personnel ও Part time field motivator নিয়োগ করা হয়েছে। প্রকল্পের আওতায় ৯টি জেলার ডিকটিম সাপোর্ট সেন্টারের ভাড়া, কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, কেন্দ্রে আশ্রিতদের খাবার, ঔষধ ইত্যাদি সরবরাহ করা হয়েছে। এসকল কর্মকান্ডের ফলে প্রকল্পের মূল উদ্দেশ্য অর্থাৎ নারীর ক্ষমতায়ন বা নারী-পুরুষের সমতা কতটুকু নিশ্চিত হয়েছে তা নির্ণয় করা সম্ভব হয়নি। এ ধরনের প্রকল্প নারীর ক্ষমতায়নে তথা বাংলাদেশের উন্নয়নে কতটুকু ভূমিকা রাখতে সক্ষম হয়েছে বা হচ্ছে বা আদৌ হচ্ছে কি-না তা যথাযথ গবেষণা ব্যতীত নির্ণয় করা সম্ভব নয়।

### ১৫.০ প্রকল্পটি সম্পর্কে আইএমইডি'র পর্যবেক্ষণঃ

১৫.১ **প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়েছে কি-না সেটি নির্ণয় করা সম্ভব না হওয়াঃ** সার্বিকভাবে দেখা যাচ্ছে যে, এ ধরনের প্রকল্পের সিংহভাগ অর্থই সভা, সেমিনার, ওয়ার্কশপ, সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণ, উঠান বৈঠক, বিলবোর্ড স্থাপন,

প্রচার-প্রচারণা, অফিস ইকুইপমেন্ট ও প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণার্থীদের মাঝে সেলাই মেশিন সরবরাহ, পরামর্শক, Program Management Personnel ও Part time field motivator'দের বেতন-ভাতা, ৯টি জেলার ভিকটিম সাপোর্ট সেন্টারের ভাড়া, কেন্দ্রের কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা, কেন্দ্রে আশ্রিতদের খাবার, ঔষধ ইত্যাদি বাবদ ব্যয় হয়েছে। এসব কর্মকান্ডের ফলে নারীর ক্ষমতায়ন বা নারী-পুরুষ সমতা কতটুকু অর্জিত হয়েছে তা যথাযথ গবেষণা ব্যতীত নির্ণয় করা সম্ভব নয়। প্রকৃতপক্ষে এ ধরনের প্রকল্পের আউটকাম সরাসরি দৃশ্যমান নয়। বিশেষ করে, বর্ণিত প্রকল্পের ক্ষেত্রে সুনির্দিষ্ট উদ্দেশ্য অর্জনের লক্ষ্যে যে কার্যক্রম সম্পন্ন করা হয়েছে, সেগুলোর কার্যকারিতা সুস্পষ্টভাবে নির্ণয় সম্ভব হয়নি। অর্থাৎ উন্নয়ন সহযোগীদের অর্থায়নে ও প্রসক্রিপশনে গৃহীত এসব প্রকল্প যতটা না Demand Driven তার চেয়ে বেশী Supply Driven হচ্ছে। সেক্ষেত্রে প্রকল্প সাহায্য কতটুকু Effective হচ্ছে কিংবা Value Add কিভাবে নিশ্চিত করা হচ্ছে, সে বিষয়ে চিন্তার অবকাশ রয়েছে। আর এ ধরনের প্রকল্প বাস্তবায়নের পর প্রকল্প সংশ্লিষ্ট কার্যক্রমের তথ্য উপাত্ত সঠিকভাবে না পাওয়ায় এবং সর্বোপরি প্রকল্পের Visible কোন Outcome না থাকায় প্রকল্পের উদ্দেশ্য অর্জন পরিমাপ করা সম্ভব হয় না।

১৫.২ **প্রকল্পের আওতায় সম্পাদিত ডাটাবেইজ-এর অস্তিত্ব খুঁজে না পাওয়াঃ** পিসিআর পর্যালোচনা করে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সহিংসতার শিকার নারীদেরকে নিয়ে একটি ডাটাবেইজ গঠন করা বাবদ ১৯.১০ লক্ষ টাকা ব্যয় হয়েছে। তবে প্রকল্প পরিচালক এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ সম্পর্কিত কোন তথ্য দিতে সক্ষম হননি। এছাড়াও সিলেট জেলা পরিদর্শনের সময় এ রকম ডাটাবেইজের কোন তথ্য পাওয়া যায়নি এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা এ বিষয়ে কিছু জানেন না মর্মে জানিয়েছেন।

১৫.৩ **প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের Sustainability এবং ফলো-আপ না থাকাঃ** বর্ণিত প্রকল্পটি ৯টি জেলায় বাস্তবায়িত হয়েছে। তন্মধ্যে প্রকল্প সমাপ্তির পর বর্তমানে সিলেট জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের রাজস্ব বাজেটের আওতায় মহিলা সহায়তা কর্মসূচি'র মাধ্যমে সহিংসতার শিকার নারীদের আশ্রয় ও প্রশিক্ষণ পরিচালিত হচ্ছে এবং কক্সবাজার জেলায় অন্য একটি প্রকল্পের মাধ্যমে কার্যক্রমটি চলমান থাকলেও অন্য ৭টি জেলায় প্রকল্প সমাপ্ত হওয়ার পর এ ধরনের কার্যক্রম আর চলমান না থাকায় সেসব জেলায় সহিংসতার শিকার নারীদের আশ্রয় বা প্রশিক্ষণের কোন ব্যবস্থা নেই। এছাড়া প্রকল্প চলাকালীন সময়ে আশ্রয় বা প্রশিক্ষণ গ্রহণকারী নারীদের বর্তমান অবস্থা বা তাদের ক্ষমতায়ন কতটুকু নিশ্চিত হয়েছে তার কোন ফলো-আপ নেই। সেই সাথে প্রকল্পের মূল লক্ষ্য কতটুকু অর্জিত হয়েছে বা হওয়ার সম্ভাবনা রয়েছে তা নির্ণয় করা সম্ভব হয়নি।

১৫.৪ **প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সঠিক কর্মপরিকল্পনার অভাবঃ** আলোচ্য প্রকল্পের আওতায় মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় অপেক্ষা ১০১২.৩২ (মূল: ১১২৮.৪০ লক্ষ টাকা, সংশোধিত: ২১৪০.৭২ লক্ষ টাকা) লক্ষ টাকা বেশি ব্যয় হয়েছে অর্থাৎ ৮৯.৭১% কষ্ট ওভার রান হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে মূল অনুমোদিত মেয়াদকাল হতে আরো ২ বছর ৬মাস বেশি (মূল: জানুয়ারি'০৬ থেকে ডিসেম্বর'২০১০, সংশোধিত: জানুয়ারি'০৬ থেকে জুন'২০১৪) সময়ের প্রয়োজন হয়েছে, অর্থাৎ ৫০% টাইম ওভার রান হয়েছে। যা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নে সঠিক কর্ম-পরিকল্পনা ও দূরদর্শিতার অভাব ছিল মর্মে প্রতীয়মান হয়।
